# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd

১৮ আগষ্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিআরডিবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : সরদার মোঃ কেরামত আলী, (অতিরিক্ত সচিব)<br>পরিচালক (পরিকল্পনা), বিআরডিবি |
| সভার তারিখ | :১৮ আগষ্ট/২০২৪ খ্রি. |
| সভার সময় | :বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | :পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের অফিস কক্ষ, বিআরডিবি, ঢাকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অন্যান্য অর্থবছরের ন্যায় ২০২৪-২৫ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নে সভার সদস্যদের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। অতঃপর উপপরিচালক প্রোগ্রামিং কে বিস্তারিত আলোচনার জন্য অনুরোধ জানান। নিম্নলিখিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ২০২৩-২০২৪ অর্থ বছরে সদর ও মাঠ পর্যায়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বিষয়ে অবহিতকরণ | • সভায় জানানো হয়, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ডি-নথি বাদে সবগুলোর সূচকমান অর্জন করা সম্ভব হয়েছে।<br>• পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হয়েছে। | •ডি-নথিতে সূচকমান অর্জনের বিষয়ের ১ম ত্রৈমাসিক থেকে সচেষ্ট থাকতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং সংশ্লিষ্ট সকল |
| ২. | ২০২৪-২০২৫ অর্থ বছরে সদর ও মাঠ পর্যায়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন | • সদরদপ্তর ও মাঠ পর্যায়ের জন্য মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৪-২০২৫ অর্থ বছরে কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়;<br>• মাঠ পর্যায়ের ২০২৪-২০২৫ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করণীয় বিষয়ে একটি পত্রজারি করতে হবে;<br>• এ দুটো কর্মপরিকল্পনার ম্যানুয়েলসহ ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করা হয়েছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরে সদর ও মাঠ পর্যায়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার সূচকমান অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ৩. | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | • সভায় জানানো হয়, ২০২৪-২০২৫ অর্থবছরে মাঠ. পর্যায় হতে সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবন ধারণা আহবানের লক্ষ্যে পত্র প্রেরণ করা যেতে পারে;<br>• উদ্ভাবন উদ্যোগ/সেবা সহজিকরণ সংগ্রহ করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আহবান করা হয়। | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবন ধারণা আহবানের লক্ষ্যে পত্র জারি করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ৪. | ইত:পূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা | বিআরডিবি'র ২০২৪-২৫ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সূচক মান ২.১.১ অনুযায়ী ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সমূহের ডাটাবাজে হালনাগাদ ও সেবা সমূহ চালু রাখার বিষয়টি আলোচনা হয়। | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সমূহের ডাটাবাজে হালনাগাদ ও সেবা সমূহ চালু রাখার জন্য পত্রজারি করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ৫. | ইনোভেশন শোকেজিং | বাস্তবায়নকৃত সেবা সমূহের সমন্বয়ে ইনোভেশন শোকেসিং আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে ইনোভেশন শোকেসিং আয়োজন করেতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ৬. | ডি-নথির ব্যবহার বৃদ্ধি | • ডি-নথি প্রক্রিয়ায় পত্র জারি/নথি নিষ্পন্নের হার বৃদ্ধির লক্ষ্যে সদরদপ্তর ও মাঠ পর্যায়ে পত্রজারির বিষয়ে আলোচনা হয়;<br>• তথ্য প্রযুক্তি ভিত্তিক কোন সমস্যা প্রোগ্রামিং শাখাকে অবহিত করলে তাৎক্ষণিক সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হয় মর্মে সভায় জানানো হয়। | • ডি-নথি কার্যক্রমে গতিশীলতা আনায়নে সদর দপ্তর ও জেলা দপ্তর পর্যায়ে মহাপরিচালক মহোদয় কর্তৃক পত্রজারির লক্ষ্যে নথি উপস্থাপন করতে হবে;<br>• ডি-নথি বিষয়ে রিফ্রেশার্স/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>• তথ্য প্রযুক্তি ভিত্তিক সমস্যাসমূহ নিষ্পন্নে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ৭. | তথ্য বাতায়ন হালনাগাদ | • বিআরডিবি'র তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হয়;<br>• মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদের জন্য নিয়মিত নির্দেশনা প্রদান করা হয়;<br>• এ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও মন্ত্রী পরিষদ বিভাগে প্রেরণ করা হয় মর্মে সভায় জানানো হয়।<br>• জনপ্রশাসন ও অন্যান্য তথ্য বাতায়নের আদলে কিছু পরিবর্তন আনার বিষয়ে আলোচনা হয়। | • ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২৪) প্রতিবেদন জেলা দপ্তর থেকে স্ক্রিনসট ও প্রমাণকসহ আনায়ন করতে হবে;<br>• নির্দেশিকা অনুযায়ি তথ্য বাতায়ন হালনাগাদের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>• সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেয়া হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ৮. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪ টি স্তম্বের আলোকে করণীয় নির্ধারণ-বিষয়ক কর্মশালা/ সভা/সেমিনার আয়োজন | নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা/সভা/ সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯. | অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফ্টওয়্যার বাস্তবায়ন | অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফ্টওয়্যার বাস্তবায়ন সূচকটি নতুন হওয়ায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং মন্ত্রী পরিষদ বিভাগের সাথে যোগাযোগের মাধ্যমে এটি বাস্তবায়ন করা হবে মর্মে আলোচনা হয়। | যথাসময়ে বাস্তবায়ন করা হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ১০. | মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালা আয়োজন | • সভায় জানানো হয়, মাই গভ প্ল্যাটফর্ম ব্যবহার করে বিআরডিবি'র ৩ টি নাগরিক সেবা ও ২২ টি অভ্যন্তরীণ সেবার গ্রহণ করতে পারবে।<br>• মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালা আয়োজন করা হবে মর্মে আলোচনা হয়। | • মাইগভ প্ল্যাটফর্ম বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে।<br>• নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা আয়োজন করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |
| ১১. | বিবিধ | • সভায় জানানো হয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে বাস্তবায়নাধীন Integrated Digital Service Delivery Platform System (IDSDP) এর Component-4,5,6 এর কার্যক্রম ১৫ টি উপজেলার সকল প্রকল্প/কর্মসূচিতে বাস্তবায়ন শুরু করা হবে;<br>• IDSDP এ ইআরপি এর "Human Resource management (HRM)" মডিউলটি বিআরডিবি'তে বাস্তবায়ন এবং সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে;<br>• ই-কমার্স নীতিমালা তৈরির কার্যক্রম চলমান রয়েছে। | • নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং প্রোগ্রামিং শাখা |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৮/২০২৪


**সরদার মোঃ কেরামত আলী, (অতিরিক্ত সচিব)**
পরিচালক (পরিকল্পনা)
ও
সভাপতি, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি
ফোন: +৮৮০২৫৫০১১৬৯৯
drplan@brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮ (অংশ-১). ৮৪৩০ তারিখ: ১৮/০৮/২০২৪ খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, মূল্যায়ন ও পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের সদয় অবগতির জন্য);

২। যুগ্মপরিচালক, গবেষণা, মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৩। যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৪। উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৫। উপপরিচালক, প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৬। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৭। উপপরিচালক, প্রশাসন শাখা-১, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৮। উপপরিচালক, অর্থ ও বাজেট শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং

৯। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮/০৮/২০২৪

**নাজনীন খানম**
উপপরিচালক (প্রোগ্রামিং)
ও সদস্য সচিব
ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি